# গাজীপুরে সড়ক বন্ধ রেখে চলাচল করা কমিশনার নাজমুল সাময়িক বরখাস্ত




সংগৃহীত ছবি

জিএমপির আলোচিত সাবেক কমিশনার মো. নাজমুল করিম খানকে সরকারি চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করেছে সরকার।

রবিবার (১০ নভেম্বর) রাষ্ট্রপতির অনুমোদনে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। এতে সিনিয়র সচিব নাসিমুল গনি স্বাক্ষর করেন।

প্রজ্ঞাপনে বলা হয়, জনস্বার্থে নাজমুল করিম খানকে সরকারি দায়িত্ব থেকে সাময়িক অব্যাহতি দেওয়া জরুরি বিবেচিত হওয়ায় তাঁকে সরকারি চাকরি থেকে বরখাস্ত করা হয়েছে। এই সময়ে তিনি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোশ ভাতা পাবেন।

এর আগে চলতি বছরের আগস্টে এক জাতীয় দৈনিকে প্রকাশিত প্রতিবেদনে অভিযোগ ওঠে—নাজমুল করিম খান নিয়মিত ঢাকার গুলশান থেকে গাজীপুরে যাতায়াতের সময় উড়ালসড়কের এক দিক বন্ধ করে রাখতেন, যার ফলে সাধারণ মানুষকে তীব্র ভোগান্তিতে পড়তে হতো।

ঘটনাটি প্রকাশ্যে আসার পর ব্যাপক সমালোচনার মুখে পড়েন তিনি। পরে গত ১ সেপ্টেম্বর পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলমের স্বাক্ষরিত আদেশে তাঁকে কমিশনার পদ থেকে প্রত্যাহার করে পুলিশ সদর দপ্তরে যুক্ত করা হয়।

LENS ASIA